# বি.এ./.এস.সি.(অনার্স) পরীক্ষা - ২০১৪

## সেমেস্টার - ১

## শারীর শিক্ষা

## কোর্স - ১

## (সাধারণ বাংলা)

সময় - ২ ঘন্টা | পূর্ণমান - ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লেখিত।

১। ভাবসম্প্রসারণ করো: ১০

হিংসা যেদিন যাইবে রাজ্য ছাড়ি,
সব অস্ত্র হইবে সেদিন কাষ্ঠের তরবারি।

অথবা

ভাবার্থ লেখো:

চিত্ত যেথা ভয় শূন্য, উচ্চ যেথা শির,
জ্ঞান যেথা মুক্ত যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙ্গনতলে দিবস শর্বরী
বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি,
যেথা বাক্য হৃদয়ের উৎস মুখ হ'তে
উচ্ছ্বসিয়া উঠে, যেথা নির্বারিত স্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
অজস্র সহস্রবিধ চরিতার্থতায়
যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোত:পথ ফেলে নাই গ্রাসি -
পৌরুষেরে করেনি শতধা; নিত্য যেথা
তুমি সর্ব কর্ম-চিন্তা-আনন্দের নেতা,
নিজ হাতে নির্দয় আঘাত করি পিতঃ;
ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত।

২। শারীর শিক্ষা বিভাগের শিক্ষার্থীদের নিয়মিত সুইমিংপুল ব্যবহারের অনুমতি চেয়ে বিভাগীয় প্রধানকে একটি পত্র রচনা করো। ১০

অথবা

নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও। ১০

পরপৃষ্ঠায় দ্রষ্টব্য

"ধর্ম হলেই দলাদলি হয়। সভা হলেই দলাদলি হয়। পাঁচজনে মিলে কাজ করতে গেলে মতান্তর হয়ই হয়, আর মতান্তর হলেই দলাদলি হয়। দলাদলিটা দোষের কথাও বটে। দোষের কথা নয়ও বটে। দলাদলিতে যখন মূল কাজ পন্ড হয়, তখন দোষের। যখন দলাদলির মীমাংসা করে দেবার লোক থাকে তখন দলাদলিতে উপকার হয়। যখন মিটিয়ে দেবার লোক থাকে না, তখন তাতে অপকার হয়। বৌদ্ধ ধর্মে যে দলাদলি হয়েছিল তাতে ধর্মের উন্নতিই হয়েছিল; দুই দলই কোমর বেঁধে ধর্ম-প্রচারের জন্য পৃথিবীর চারদিক ঘুরেছিলেন। একদল উত্তরে, একদল দক্ষিণে।

(ক) দলাদলি কখন হয়? ২ ½

(খ) দলাদলির ভালো ও মন্দ দিক কী কী? ২ ½

(গ) বৌদ্ধ ধর্মে দলাদলির ফল কী হয়েছিল? ২ ½

(ঘ) দলাদলি সম্পর্কে তোমার মতামত জানাও। ২ ½

৩। প্রবন্ধ রচনা করো (যে কোনো একটি বিষয়ে) ২০

(ক) স্বচ্ছ ভারত অভিযান

(খ) আই.এস.এল ও ভারতের ফুটবলের ভবিষ্যৎ

(গ) শান্তিনিকেতনের খেলাধূলা

(ঘ) তোমার প্রিয় খেলোয়ার